



## জাতীয় সংসদে কেউ ঋণ খেলাপি নাহ: স্বরাষ্ট্রমন্ত্রী



সংসদ অধিবেশনে স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। ছবি: সংগৃহীত

বর্তমান সংসদের সদস্যদের কেউ ঋণখেলাপি নন বলে জানিয়েছেন স্বরাষ্ট্রমন্ত্রী সালাউদ্দিন আহমেদ। তিনি বলেন, কেউ কেউ ঋণগ্রস্ত হতে পারেন, তবে আইনগতভাবে ঋণখেলাপি হিসেবে সাব্যস্ত হলে তবেই তাকে অযোগ্য ধরা হয়।

বৃহস্পতিবার (১৮ জুন) বিরোধী দলীয় চিফ হুইপ ও জাতীয় নাগরিক পার্টির (এনসিপি) আহ্বায়ক নাহিদ ইসলামের পয়েন্ট অব অর্ডারে দেওয়া বক্তব্যের জবাবে তিনি এসব কথা বলেন।

মন্ত্রী বলেন, নির্বাচনী বিধিমালা অনুযায়ী আদালত কর্তৃক ঋণখেলাপি হিসেবে ঘোষিত না হলে কাউকে ঋণখেলাপি বলা যায় না। মনোনয়ন ও নির্বাচনের ক্ষেত্রে আইনগত প্রক্রিয়া অনুসরণ করেই প্রার্থীদের যোগ্যতা নির্ধারণ করা হয়।

তিনি আরও বলেন, যেসব প্রার্থীর বিরুদ্ধে আর্থিক বিরোধ বা মামলা ছিল, সেগুলো উচ্চ আদালতে নিষ্পত্তির পর তারা বৈধভাবে নির্বাচনে অংশ নিয়ে সংসদে এসেছেন। তাই পুরো সংসদকে ‘ঋণখেলাপীদের সংসদ’ বলা আইনগতভাবে সঠিক নয় বলেও মন্তব্য করেন তিনি।

এ বিষয়ে নাহিদ ইসলাম বলেন, তিনি আগে থেকেই নির্বাচনের প্রক্রিয়ায় ঋণখেলাপি প্রার্থীদের মনোনয়ন নিয়ে প্রশ্ন তুলেছেন। সংসদেও তিনি কিছু সদস্যের ঋণসংক্রান্ত তথ্য তুলে ধরেছেন, যদিও নাম প্রকাশ করেননি।

তিনি আরও বলেন, জনগণের মধ্যে এ নিয়ে আলোচনা রয়েছে, এবং সংসদের স্বচ্ছতা ও জবাবদিহিতা নিশ্চিত করাই মূল বিষয়।